# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৩

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২২. যেসকল মৃত্যুকে শাহাদত হিসেবে গণ্য করা হবে

بَاب مَا يُعَدُّ مِنْ الشُّهَدَاءِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي بَكْرِ بْنِ حَفْصٍ عَنْ شُرَحْبِيلَ بْنِ السِّمْطِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَتْلُ فِي سَبِيلِ اللَّهِ شَهَادَةٌ وَالطَّاعُونُ شَهَادَةٌ وَالْبَطْنُ شَهَادَةٌ وَالْمَرْأَةُ يَقْتُلُهَا وَلَدُهَا جُمْعًا شَهَادَةٌ

বাংলা

২৪৫৩. উবাদাহ ইবনু সামিত রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “আল্লাহর রাস্তায় নিহত ব্যক্তি শহীদ, যে ব্যক্তি প্লেগ বা তাউন রোগে মারা যায়-সে শহীদ;যে পেটের পীড়ায় মরেছে-সে শহীদ; যে স্ত্রীলোক সন্তান ধারণের কারণে পেটের সন্তানসহ মৃত্যু বরণ করে-সেও শহীদ।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৩/৩১৫ (সহীহ সনদে), ৩১৭, ৩২৩; আব্দুল্লাহ ইবনু আহমাদ, যাওয়াইদ আলাল মুসনাদ ৫/৩২৮-৩২৯; বাযযার, কাশফুল আসতার ২/২৮৬ নং ১৭১৮ হাসান সনদে, নং ১৭১৭; তাবারাণী, আল আওসাত ৯৩১০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন